

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১০২৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১. প্রথম অনুচ্ছেদ - তিলাওয়াতের সিজদা

بَابُ سُجُودِ الْقُرْآنِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: سَجَدْنَا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي: (إِذَا
السَّمَاءُ انشَقَّتْ)
و (أَقْرَأَ بِاسْمِ رَبِّكَ)
رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

১০২৪-[২] আবু হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে সূরাহ্ ইনশিকাক ও সূরাহ্ আল 'আলাক্-এ সিজদা (সিজদা/সেজদা) করেছি। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৫৭৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সূরাহ্ আল ইনশিকাক এবং সূরাহ্ 'আলাক্ মুফাসসাল সূরাসমূহের অন্তর্ভুক্ত। এ হাদীস দ্বারা স্পষ্টভাবে সাব্যস্ত হয় যে, সূরাহ্ মুফাসসালে সিজদা (সিজদা/সেজদা) করা বিবিধ। খুলাফায়ে রাশিদাহ্, তিন ইমাম এবং একদলে 'আলিমদের মতে সূরাহ্ মুফাসসালে তিলাওয়াতের সিজদা সিদ্ধ। জমহূর 'আলিমদের মতে মুফাসসাল সূরাসমূহে তিলাওয়াতের সিজদা সিদ্ধ নয়। কেননা আবু সালাআহ্ আবু হুরায়রাহ্ (রাঃ)-কে বললেনঃ আপনি এমন এক সূরাতে সিজদা করলেন যাতে আমি লোকদের সিজদা করতে দেখিনি। এতে বুঝা যায় যে, লোকজন মুরসাল সূরাসমূহে সিজদা করা পরিত্যাগ করেছেন এবং এর উপর 'আমল অব্যাহত আছে।

ইবনু 'আবদুল বার এর জবাবে বলেনঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং খুলাফায়ে রাশিদার

বিরুদ্ধাচরণকে কোন 'আমল বলা যায় কি? ইমাম বুখারী এবং অন্যরা আবু রাফি' থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন, আমি আবু হুরায়রাহ্ (রাঃ)-এর পিছনে ইশার সালাত আদায় করলাম। তিনি তাতে সূরাহ্ ইনশিক্বাক পাঠ করলেন এবং তিলাওয়াতের সিজদা করলেন। আমি বললাম, এটা কি? তিনি বললেন, আমি আবুল ক্বাসিম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর পিছনে এ সূরাতে সিজদা (সিজদা/সেজদা) করেছি। অতএব তাঁর সাথে সাক্ষাতের আগ পর্যন্ত (মৃত্যু পর্যন্ত) সিজদা করতেই থাকব।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55583>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন